আর সবশেষে আরেকটা কথা বলি। চরম পুরুষতান্ত্রিক সমাজ থেকেই তো মা দুর্গার অবতার, ভগবতীর ষষ্ঠ্যাংশরূপিণী ষষ্ঠীদেবী? তিনি তো প্রতিমাসের শুক্লপক্ষেই এই বাংলায় পূজিতা হন সন্তানের মঙ্গলকামনায়, রক্ষায়... সেখানেই নারীশক্তির জয়। আর যদি শক্তিরূপিণী দেবী দুর্গা রাজনীতি না বুঝতেন বলেই আদি অনাদি সেই শক্তি চন্ডীর মধ্য দিয়ে ঘোষণা করেন? মানে নিজের ব্র্যান্ড ক্রিয়েট করেন, স্বীয় মাহাত্ম্য প্রচারে?

ক্ষ্ণএকৈ বাহং জগতত্ত্ব দ্বিতীয়া কা মমা পরাক্ষ্ম যার অর্থ হল, এ জগতে আমি ছাড়া দ্বিতীয় নারী কে আছে? সেখানে ছত্রে ছত্রে নিজের মাহাত্ম্য, নিজের গুণ কীর্তন করেছেন স্বয়ং দেবী। ক্ষ্ণঅহং রুদ্রেভিবসুভিশ্চরাম্যহংক্ষ্ম ... অর্থাৎ আমিই সেই ঈশ্বরী, আমিই জগতের ধারক, বাহক... সবকিছু... আর পুরুষশাসিত সমাজে দেবীরা এভাবেই তো নিজেদের মাহাত্ম্য প্রচার করে সমাজে স্থায়ী জায়গা করে নিয়েছেন বটেই। সেও তো তাঁদের এক রাজনৈতিক দূরদৃষ্টি তাই না?

পুস্তক পর্যালোচনা

# নিপুণ তুলিতে আঁকা ফেলে আসা সময়ের যাপনচিত্র

সায়ন তালুকদার

গ্রন্থ ঃ যখন যা মনে পড়ে
লেখক ঃ প্রফুল্ল রায়

প্রফুল্ল রায়। বাংলা সাহিত্যের ভান্ডার তাঁর লেখনীতে পরিপূর্ণতা লাভ করেছে। আজ যে-বইটি নিয়ে আলোচনা করতে বসেছি, সেটি মূলত স্মৃতিকথনমূলক। 'যখন যা মনে পড়ে'। স্মৃতিকথা পড়তে আমার বড় ভালো লাগে। একটা অন্য সময়, অন্য অতীতকে বর্তমান সময়ে দাঁড়িয়ে প্রত্যক্ষ করা লেখার মধ্য দিয়ে, আর মানুষটি যখন অসম্ভব স্মৃতিধর শ্রদ্ধেয় সাহিত্যিক প্রফুল্ল রায়, তখন এ পাঠযাত্রা মধুর এবং স্মরণীয় হতে বাধ্য।

সেই সময়ের দিনকাল, লেখকের আত্মীয়, পরিপার্শ্বের মানুষজন, রাজনীতি, সিনেমা দুঃখ, বিষাদ, আনন্দ, উল্লাস প্রভৃতি হরেক অনুভূতির স্মৃতিমালা গেঁথে পাঠককে উপহার দিয়েছেন লেখক।

প্রথমেই আসে যোগেশমামার কথা। জলের দেশ পূর্ববঙ্গে লেখকের গ্রামের পাশ দিয়ে বয়ে গেছে ইছামতী নদী। পোস্ট অফিস, প্রাইমারি স্কুলের পাশাপাশি সে গ্রামে রয়েছে একটি লাইব্রেরি। নানা কিসিমের বই দিয়ে সাজানো সে লাইব্রেরি যেন বহির্বিশ্বকে হাতের মুঠোয় ধরার ক্ষেত্রে লেখককে প্রভূত সহায়তা করেছে। এই লাইব্রেরির দায়িত্ব যোগেশ গুহ-র কাঁধে। লেখকের যোগেশমামা। মা ছাড়াও গ্রামের কাকিমা, মাসিমাদের পছন্দসই বই আনার দায়িত্ব ছিল লেখকের কাঁধে। 'মেজদিদি' ও 'রামের সুমতি' পড়ে চোখে জল এসেছিল, অবলীলায় স্বীকার করেছেন লেখক। গ্রামে আলোড়ন সৃষ্টিকারী শরৎচন্দ্রের 'চরিত্রহীন' এবং শৈলবালা ঘোষজায়ার 'শেখ আন্দু' নিয়ে লাইব্রেরিতে মিটিং বসেছিল যাতে এ বই লাইব্রেরিতে না রাখা হয়, যোগেশমামা অনড় ছিলেন তাঁর বক্তব্যে। আমবাগানে বাড়ি ফেরার পথে লেখক লুকিয়ে পড়েছিলেন 'চরিত্রহীন'।

স্মৃতিকথন যখন, স্কুলের কথা তো আসবেই। এল শেপের লেখকের স্কুলবাড়ি দেখতে ছিল অনেকটা সেনা ব্যারাকের মতো। সহকারী প্রধান শিক্ষক মহাশয় আশু দত্তের কথা বিস্তারে জানিয়েছেন লেখক। জাতি গঠনের দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছিলেন। বেচাল দেখলে তার বেতের বাড়ি ছিল অবধারিত। সাইকেলে চেপে বাড়ি বাড়ি ঘুরে ছেলেপিলেদের পড়াশোনার হালহকিকত জানা তার নিত্যদিনের রুটিন ছিল। লেখকের দাদুর কথায় গুরুত্বপূর্ণ খবর না শুনে আশরাফের জিওমেট্রির দুর্বলতা আর দিবাকরের অ্যাপ্রোপ্রিয়েট প্রিপজিশনের গোলমাল যেখানে আশুস্যরের ভাবনায় বেশি গুরুত্ব পায়, সেখানে বেতের মারও ফিকে হয়ে যায়। প্রতিবছর স্কুলের চোখ-ধাঁধানো রেজাল্টও যে তাঁর কল্যাণে বুঝতে অসুবিধা হয় না। ফেল করা ছাত্রকেও শিখিয়ে-পড়িয়ে ফার্স্ট ডিভিশন পাইয়ে দেওয়ার মহৌষধির খোঁজ জানা আছে ভদ্রলোকের।

এটা সেই সময়ের কথা। যখন সিনেমা আদতে 'বই' নামেও বেশি প্রচলিত ছিল লোকমুখে। রঙচঙে এ জগতের প্রতি আকর্ষণ যেমন ছিল, ভয়ও ছিল বেশ। বউদিদি, মিত্রবাড়ির মামিমা কিংবা বরেনমামার কাছে সিনেমা থুড়ি 'বই'-এর মজার গান, নায়ক-নায়িকা, খলনায়কের কথা শুনে মনে রোমাঞ্চ জাগত লেখকের। 'শেষ উত্তর' দেখে সবাই তখন প্রমথেশ বড়ুয়া, কানন দেবীর অভিনয়ে মুগ্ধ। খবর এল, তাঁরা গঞ্জের স্টিমারঘাটায় ঢাকা থেকে এসে নামবেন। আশু দত্তের দু'চোখের বিষ ছিল এই সিনেমা জগৎ। স্কুলের ছাত্ররা পড়াশোনা ভুলে নায়ক-নায়িকাকে দেখতে গেছে এটা জেনে বিষম রেগে গিয়েছিলেন। ফাইভ টু টেন, লেখকের কথায় সকলের কপালেই সে যাত্রায় জুটেছিল বেত্রাঘাত।



গুরুদেবের পা ধোয়া জল খাওয়া নিয়ে একবার তুমুল দক্ষযজ্ঞ বেঁধেছিল লেখকের বাড়িতে। কাদা মিশ্রিত চরণামৃত পান করতে নারাজ ফোরে পাঠরত স্বাস্থ্যের বই পড়া লেখক। পরিত্রাণ পেতে ইট ছুঁড়ে গুরুদেবের পায়ের আঙুল দিলেন থেঁতলে। রাগে অগ্নিশর্মা হয়ে গুরুদেব শাপশাপান্ত করতে গেলে বাড়ির সকলে হুমড়ি খেয়ে পড়লেন তাঁর পায়ে। যোগেশমামার বাড়িতে পালিয়ে বেঁচেছিলেন লেখক। যদিও এত করেও সন্ধ্যেয় বাড়ি ফিরে মায়ের হাতে হাতপাখার ডাঁটির মার খাওয়া থেকে লেখককে বাঁচাতে পারেননি কেউই।

কুসংস্কারের বাড়বাড়ন্ত তখন ঠিক কতটা ছিল তা এই গুরুদেবের ঘটনা থেকে সহজেই অনুমেয়।

নিশানাথ বাড়রীর করা ভোলেননি লেখক। তিনি 'বেতকা হরমোহন কুন্ডু হাই স্কুল'-এর গণিতের শিক্ষক। অম্বিকা দাদুর কাছে তিনি এসেছিলেন ছয় ম্যাট্রিক পরীক্ষার্থীকে সঙ্গে নিয়ে। তাঁদের ম্যাট্রিকুলেশন পরীক্ষার সিট পড়েছে বেতকা স্কুলে। দুটো করে পেপার, প্রতিদিনের রুটিন। তার উপর তিন মাইল দূরের স্কুলে যাওয়া। পরীক্ষার্থীদের আপ্যায়ণে কোনও ত্রুটি রাখেননি লেখকের পরিবার। মা, মামি, দিদিমা, বড় মাসিমা সবাই মিলে পরম সমাদরে কাছে টেনে নিয়ে গরীব ঘর থেকে আসা মেধাবী ছেলেগুলোকে। প্রথম পেপার শেষ হবার পর দ্বিতীয় পেপারের আগে ঝাড়া এক ঘন্টা টিফিন ব্রেক। পরীক্ষার্থীদের জন্য সানন্দে কোনওদিন পরোটা, তরকারি,মিষ্টি আবার কোনওদিন রুটি, কপির ডালনা তো কোনওদিন খিচুড়ি, আলুভাজা বানিয়ে দিতেন তাঁরা, সঙ্গে পেট ঠান্ডা রাখার অব্যর্থ দাওয়াই মাঠা (ঘোল)। এই টিফিন, পোড়ামাটির গ্লাস এগুলো পরীক্ষার্থীদের সঙ্গে স্কুলে গিয়ে পৌঁছে দেওয়ার দায়িত্ব দেওয়া হয়েছিল বরেনমামা ও লেখককে। কিশোর বয়সে এরকম একটা দায়িত্ব পেয়ে খুব খুশি হয়েছিলেন লেখক। নিশানাথ বাড়রী পরীক্ষার পর ছাত্রদের জিজ্ঞাসা করেন, কে কেমন পরীক্ষা দিল। সব প্রশ্নের উত্তর দিয়েছে শুনলে তাঁর মুখ উজ্জ্বল হয়ে ওঠে, কেউ যদি বলে একটা পাঁচ নম্বরের প্রশ্ন ছেড়ে এসেছে, তাতে মুখের আলো নিভে গেলেও পরের পেপারের জন্য জান লড়িয়ে দিতে উৎসাহ দেন। শিক্ষক এমন 'বন্ধু' হয়ে পাশে এসে দাঁড়ালে যে কোনও ছাত্র তাঁর লক্ষ্যে এগিয়ে যেতে পারবেই। পরীক্ষার্থীদের সঙ্গে ততদিনে বন্ধুত্ব হয়ে গেছে লেখকের। টুকটাক কথা হয়, কে বড় হয়ে কী হতে চায় এসব নিয়ে। এদেরই মধ্যে একজন গোবিন্দ দাদা, তাঁর অঙ্ক পরীক্ষার আগে বিস্তর শরীর খারাপ। কবিরাজ আসে, ওষুধ বাতলে চলে যায়। বিছানার পাশে বসে নিশানাথ বাড়রীর মুখে মুখে ছাত্রকে পাটিগণিত, বীজগণিতের জটিল অঙ্কগুলো বুঝিয়ে দেন। এরপর বহু বছর আগে যখন সেই গোবিন্দদাদার সঙ্গে

লেখকের আবার দেখা হয় কলকাতায়,তখন তিনি একটি কলেজের ফিজিক্সের প্রফেসর। কথায় কথায় নিশানাথ বাড়রীর কথা ওঠে। তার 'স্যর'-কে তিনি এখনও ভোলেননি, কখনও ভুলতে চান না। জানা যায়, তিনি ছেচল্লিশের রায়টে খুন হয়েছেন।'

ছাত্রদরদী মানুষটির এহেন পরিণতিতে একরাশ মনখারাপ সঙ্গী হয় লেখকের পাশাপাশি পাঠকেরও।

স্মৃতির পাতা ক্রমশ উল্টেছেন প্রফুল্ল রায়। এসেছে ত্রিলোচন কবিরাজের কথা যিনি ঘোড়া ছুটিয়ে কবিরাজি করতে যেতেন ইতিউতি। বিপুল পসার ছিল। সাপে কাটা রোগী, যাকে মৃত ভেবে পরিজনেরা ভাসিয়ে দিয়েছিলেন কলার মান্দাসে। তাঁকে পর্যন্ত উদ্ধার করে ওষুধ খাইয়ে সুস্থ করে তুলেছিলেন ত্রিলোচন কবিরাজ। দেশভ্রমণের বিস্তর আশ্চর্য গল্পের সম্ভার তাঁর ভাণ্ডারে। লেখক এবং তাঁর মামাতো ভাইবোনেরা উদগ্রীব হয়ে থাকতেন তাঁর অপেক্ষায়। রূপকথার ফেরিওয়ালা ত্রিলোচন শোনাতেন বম্বের কথা, কাশ্মীরের কাহিনী, প্রথম শুটিং দেখার কথা। লেখকের বেরিবেরি রোগও সারিয়েছিলেন সাক্ষাৎ ধন্বন্তরি ত্রিলোচন কবিরাজ।

মহেশদাদুর ছেলে বিমলমামার জন্য পাত্রী দেখা হয়েছে। কন্যা পক্ষের মানুষেরা এসেছেন আশীর্বাদ করতে। আগত শ-দেড়েক লোক থাকবে গ্রামের নানা বাড়িতে ভাগাভাগি করে। কিন্তু মশার উৎপাতের কথা স্মরণ করিয়ে দেওয়া হল কন্যাপক্ষকে। তাঁরা ভুলেও মেয়ের ভাবী শ্বশুরবাড়িতে এসে ম্যালেরিয়া বাঁধিয়ে ফিরতে চান না। ক্রমে বিয়ের দিন ঘনিয়ে এল। খরচ নেহাত কম নয়! মহেশদাদুর কপালে চিন্তা ভাঁজ। হাজার আট-দশ কম পড়তে পারে। এগিয়ে এলেন আফজলচাচা, তনভিরদাদা, অম্বিকাদাদু, লেখকের দাদু। মহেশদাদু ধান উঠলেই টাকা মিটিয়ে দেওয়ার কথা বললেন, কিন্তু ঋণ মেটাতে তো পারবেন না। লেখকের দাদুর কথায়, তোর বাড়ির কাজ, সেটা কি শুধু তোরই? আমাদের গ্রামের সবার কাজ।'

এই 'সবার কাজ' কথাটা বলতে পারে ক'জন? কতটা আপন, কতটা বেঁধে থাকলে এমনভাবে এগিয়ে আসা যায়, পাশে দাঁড়ানো যায়। কাঁধে ভরসার হাত রেখে বলা যায়, চিন্তা করিস না।

বিমলমামার বিয়েতে বরযাত্রী হিসেবে লেখককে না নিয়ে যাওয়ায় তাঁর মনে যে ক্ষোভ জন্মেছিল তা ভাঙাতে বিস্তর বেগ পেতে হয়েছিল লেখকের দাদুকে।

এরকমই কত কাহিনি, কত চরিত্ররা ঘুরে ফিরে বারংবার এসেছে স্মৃতির সরণি বেয়ে। মকবুলমামা, অম্বিকাদাদু, অনিলমামা, হেমুদিদিমা, যোগেশমামা, আফজলচাচা, সোনামামিমা, নিশানাথ বাড়রী, রফিক, সুরেশ, রাধানাথ—চরিত্র শেষ হওয়ার নয়। শেষ হয় নাকি কোনওদিন! এক জীবনে কত চরিত্ররা সঙ্গে দেয়, স্মৃতির চাদরে জড়িয়ে থাকে। তাঁদের কি ভোলা যায়? যায় না।

ভুলে যাননি প্রফুল্ল রায়। সব কথা মনে গেঁথে রেখে দিয়েছেন। লিখে রেখেছেন বইয়ের পাতায়, স্বর্ণাক্ষরে। তাঁর কলমের হাত ধরে এই চরিত্ররা জীবন্ত হয়ে বেঁচে থাকবে আপামর পাঠকমহলে। বইয়ের নামটি বড় খাসা 'যখন যা মনে পড়ে'।

সুষমাময় প্রচ্ছদে বইটিকে সাজিয়েছেন দেবব্রত ঘোষ। লেখার সঙ্গে অলঙ্করণের যোগ্য সঙ্গত ঘটিয়েছেন শান্তনু দে। তাঁদের ধন্যবাদ!

প্রফুল্লবাবুকে শ্রদ্ধা ও প্রণাম তাঁর জীবনযাপনে স্মৃতিচিত্র তিনি পাঠককে সুনিপুণভাবে উপহার দিয়েছেন, যত্ন করে আগলে রাখার মতো এ গ্রন্থ। শুভঙ্কর দে'র অবিরল তাড়না ছাড়া সত্যিই এই স্মৃতিলেখ পাঠকের হাত অবধি পৌঁছোত না, জানিয়েছেন লেখক। তাই তাঁকেও অশেষ ধন্যবাদ!

রম্য রচনা

# আমায় কোলে তুলে নে মা

## বাল্মীকি চট্টোপাধ্যায়

বাজারে ঢোকার মুখে বাঁদিকে কালিকা মিষ্টান্ন ভাণ্ডার। বহুদিন বন্ধ হয়ে পড়ে আছে। মালিক নিরাপদ হালদারের ভয়ঙ্কর সুগার ধরা পড়েছিল। নিরাপদবাবুর স্ত্রী প্রথমেই যেটা করেছেন, দোকানে তালা ঝুলিয়ে দিয়েছেন। ব্যবসা বন্ধ। তাতে অবিশ্যি অনেকেরই লাভ হয়েছে। তারমধ্যে একজন কল্পনাদি। মিষ্টির দোকানের বারান্দায় তার সবজির দোকান। বারুইপুর থেকে সকাল সাতটার মধ্যে চলে আসে। শাক, লঙ্কা, ঢেড়স, নিমপাতা, তেঁতুল, আমড়া, জামরুল, হেলেঞ্চা, কলমি। যখন যেমন তখন তেমন, যেখানে যেমন সেখানে তেমন। ঠাকুর শ্রী রামকৃষ্ণ বলেছিলেন।

আমি বসেছিলাম কল্পনাদির সামনে। উবু হয়ে। বছরের এই সময়টা, জুলাইয়ে খারকোল পাতা ওঠে। সারা বছর মাথা খুড়লেও আর পাওয়া যায় না। খারকোলের ডাক নাম ভেটকুল। বিশ্বের শ্রেষ্ঠ খাবারের মধ্যে এই খারকোল পাতা বাটা অন্যতম। যারা খায়নি, তাদের জীবন বৃথা। খারকোল বেছে-বেছে নেওয়া নিষেধ। তারমধ্যেও বাছাবাছি চলছিল। তখনই পেছন থেকে কে যেন বলল, 'এই খোকা সরো তো। একা পুরো জায়গা দখল করে আছ দেখছি! ননসেন্স।'

আমার নাম খোকা নয়। আমার যা বয়স, তাতে আমাকে খোকা বলতে পারেন এমন লোকের হাঁটা চলা করার ক্ষমতা থাকতে পারে না। নয় তিনি বিছানা নেবেন। নয় তো আয়াদিদি ধরে-ধরে বাথরুমে নিয়ে যাবে। ড্যাংড্যাং করে বাজারে আসতে পারবেন না। তাহলে কে ডাকলেন! পিছনে তাকিয়ে দেখি এক বয়স্ক ভদ্রমহিলা। বব কাট ধপধপে পাকা চুল। প্যান্ট গেঞ্জি পরা। চোখে আবার বাহারি সানগ্লাস। ঘাবড়ে যাওয়ার যথেষ্ট কারণ আছে। ঘাবড়ালাম। কোনও বাঙালি ভদ্রমহিলা এই পোশাক পরবেন না। বড়লোক অবাঙালি হলে ভাষায় টান থাকবে। অ্যাংলো ইন্ডিয়ানরা এই সব বাজারে আসেন না। তাহলে উনি কে!

ধড়ফড় করে উঠে দাঁড়ালাম। হাতে দু'আঁটি খারকোল পাতা। ভদ্রমহিলা বললেন, 'হাতে এটা কী লিফ!' প্রথমে বুঝতে পারিনি। পরে পারলাম। রিলিফ পেলাম। বললাম, খারকোল। ভদ্রমহিলা বললেন, 'নারকোল শুনেছি। খারকোল তো শুনিনি!' আমি বললাম, মাসিমা, নারকোল শক্ত-শক্ত, ফল। খারকোল নরম-নরম, পাতা।! ভদ্রমহিলা ধমকে উঠলেন। 'আমাকে মাসিমা বললে কেন!' আমি আবার ঘাবড়ে গেলাম। বললাম, আজ্ঞে আপনি খোকা বললেন বলে হিসেব নিকেশ করে বয়সের প্রতি সম্মান দিয়ে মাসিমা বললাম। ভদ্রমহিলা বললেন, 'না। আমাকে মিসেস সামন্ত বলবে। এই মেয়ে আমাকে চারটে স্মল কলা দাও তো।' কল্পনাদি ঘাবড়াল না। বলল, 'এটা এসমল কলা না। কাঁঠালি কলা।' ভদ্রমহিলা নিলেন। আমাকে বললেন, 'তুমি এখানে থাকো?' আমি বললাম, আজ্ঞে না। বাড়িতে থাকি। ভদ্রমহিলা বিরক্তি নিয়ে বললেন, 'রোডে থাকার কথা বলিনি। বাড়ি কোথায়?' আমি বললাম, ওই খালের ওধারে। মাসিমা, সরি, মিসেস সামন্ত আপনি কোথায় থাকেন? মিসেস সামন্ত আমার হাত থেকে খারকোলের আঁটিটা ছিনিয়ে নিলেন। গন্ধ শুঁকলেন। নাক কুঁচকোলেন। বললেন, 'আই অ্যাম ফ্রম আমেরিকা। এই পাতাকে ইংরেজিতে কী বলে?' সর্বনাশের মাথায় বাড়ি। আমার এই একটা সাবজেক্টে খুব ভয়। চিরকাল এড়িয়ে চলেছি। একেবারে জানি না তা নয়। কয়েকটা কবিতা এখনও দিব্যি মনে আছে। ব্যা ব্যা ব্ল্যাকশিপ। তারপর টুইঙ্কল টুইঙ্কল লিটিল স্টার। জনি জনি ইয়েস পাপা, একটা ইংরেজি গানও মুখস্থ, হ্যাপি বার্থ ডে টু ইউ। আরও দু'একটা। তবে বরাবরই ভাষাটাকে এড়িয়ে যাই।

মিসেস সামন্ত বললেন, 'বললে না, এই পাতার ইংরেজি কী।' আমি মনে-মনে বললাম, আমি কেন, আমার চোদ্দপুরুষ এই পাতার ইংরেজি বলতে পারবেন না। মনের কথা মনেই থাকল। বললাম, এর ইংরেজি নেই। ভদ্রমহিলা খারকোলের

আঁটি আমার হাতে ফেরত দিয়ে বললেন, 'ননসেন্স। যাইহোক, তুমি আমাকে একটু হেল্প করবে!' আমি বললাম কীরকম হেল্প! মিসেস সামন্ত বললেন, 'শোনো খোকা। কলকাতায় আমার দুটো ফ্ল্যাট আছে। আমি বিক্রি করতে এসেছি। তারপর আমেরিকায় চলে যাব। আর আসব না। ওটাই আমার দেশ। এদেশে আমার কেউ নেই। এখানে থাকব দু'মাস। তুমি আমাকে হেল্প করবে।'

আমার জীবনে এটা নতুন কোনও ঘটনা না। সেই ছোট থেকে দেখে আসছি, সবাই মনে করে, আমার কোনও কাজ নেই। থাকতে পারেই না। এবং তাকে সাহায্য করার জন্যই ঈশ্বর আমাকে সরার মতো এই ধরায় পাঠিয়েছে। ঝাঁকামুটেওয়ালা মাথায় ঝাঁকা নিয়ে যাচ্ছে। আমাকে ডাকল, 'এ খোকা, ইধার আও।' গেলাম। বলল, 'ঝাঁকা পাকড়ো।' পাকড়ালাম। মাটিতে রাখল। বলল, 'যাও।' রিক্সাওয়ালা দাঁড়িয়েছিল। পাশ দিয়ে যাচ্ছি। বলল, 'এই ভাই, রিক্সাটা ঠেলো তো!' রিক্সা মোটরগাড়ি নয়, যে ঠেলে স্টার্ট দিতে হবে। বললাম, কেন ঠেলব! রিক্সাওয়ালা বলল, 'আরে বাবা চেন কেটে গেছে। আবার কষ্ট করে টেনে নিয়ে যেতে হবে, তাই তোমাকে বলছি। আমি হ্যান্ডেল ধরে বসছি, তুমি ঠেলো, সারাইয়ের দোকান অবধি।' এরকম হাজারো কাজ সারা জীবন আমাকে করতে হয়েছে। কেন তা জানি না।

অফিস যাচ্ছি। খবরের কাগজের দফতরে দফতরির কাজ করি। ধোপদুরস্ত পোশাক আমার কোনও কালে ছিল না, পরিওনি কখনও। বাসে বেজায় ভিড়। লেডিস সিট আর জেন্টস সিটের মাঝে দাঁড়িয়ে আছি। রথতলা থেকে এক ভদ্রমহিলা হ্যাঁচড় প্যাঁচড় করে উঠলেন। কাঁধে ঢাউস ঝোলা। হাতে ভ্যানিটি ব্যাগ ঝোলানো। আর একটি কাগজে মোড়া আধ সেরের শিশি। ছিপিটা দেখা যাচ্ছে। উঠেই ভদ্রমহিলার চোখ আমার দিকে পড়ল। বললেন, 'এই ছোকরা, তাকিয়ে দেখছ কী! বুঝছ না খাবি খাচ্ছি! এইটা ধরো। সাবধানে।' বলে সেই শিশিটা আমার হাতে ধরিয়ে দিলেন। খানাখন্দে ভরা রাস্তা। বাস চলেছে হুমড়ি খেতে-খেতে। আমার এক হাতে বাসের রড। অন্য হাতে বড়দির শিশি। প্রাণ সঁপেছি ঈশ্বরের হাতে।

চার স্টপেজ পর চিড়িয়ামোড়ে বড়দি বসার সিট পেলেন। বসলেন। ভ্যানিটি ব্যাগ থেকে নীল রুমাল বের করে মুখ মুছলেন। ভ্যানিটি ব্যাগের ভেতরে ছোট্ট আয়নায় মুখ দেখলেন। মিচকি হাসলেন। খুশি মনে চোখ বুজলেন। আমি শিশি আগলে ঠায় দাঁড়িয়ে রইলাম। ওয়েলিংটনের মোড়ের আগে বড়দি নড়েচড়ে বসলেন। তার আগে অবশ্য দু'একবার মিটমিট করে তাকিয়ে দেখেছেন যে আমি তাঁর শিশি নিয়ে ভেগে গেছি কিনা। আবার নিশ্চিন্তে চোখ বুজেছেন। এবার উঠলেন। বললেন, 'এই ছোকরা, আমি নামব। তুমি দরজা পর্যন্ত শিশিটা নিয়ে চলো। না হলে চলকে পড়বে। সর্বনাশ হবে।' আমি দরজা অবধি গেলাম। শিশি হস্তান্তরের পর মিনতিমাখা গলায় জিজ্ঞেস করলাম, বড়দি, এই শিশিতে কী আছে, গরম-গরম! বড়দি বাস থেকে নামলেন। খুবই বিরক্তি নিয়ে বললেন, 'মায়ের হিসি। পরীক্ষা করতে নিয়ে যাচ্ছি।'

মিসেস সামন্তকে বললাম, মানে, ঠিক কী ধরনের সাহায্য করতে হবে! মাসিমা, সরি, মিসেস সামন্ত বললেন, 'শোনো, দেশে ফিরে গিয়ে আমি কলকাতায় থাকার এক্সপিরিয়েন্স লিখব। ইংরেজিতে। কারণ, আমি বাংলা লিখতে জানি না।' এই পর্যন্ত শুনেই আমি কেমন যেন প্রমাদ গুনলাম। কল্পনাদি ধমকে বলল, 'এই তোমরা দোকানের সামনে থেকে সরে দাঁড়াও তো।' সরে দাঁড়ালাম। মিসেস সামন্ত বললেন, 'আমি অনেক লোকাল বাংলা শব্দের ইংরেজি জানি না। তুমি বলবে।' প্রথমবার বিএ পরীক্ষায় গেজেটে নিজের নাম না দেখতে পেয়েও এত চমকে উঠিনি। মিসেস সামন্তর কথায় যেমন চমকালাম। বুকের ভেতরটা ভয়ঙ্কর ধড়ফড় করতে লাগল। কল্পনাদির দোকানের পাশেই রাধাকৃষ্ণ ফার্মেসি। বারান্দায় প্রেশার মাপার যন্ত্র শুকোতে দিয়েছিল। গতকালের বৃষ্টিতে নিশ্চয়ই ভিজেছে। আমি দৌড়ে গেলাম। পাপাইকে বললাম, প্রেশারটা মাপ তো। পাপাই এই দোকানেই কাজ করে। বলল, 'মেশিং ভিজা আছে। কমবেশি হবে।' আমি বললাম, হয় হোক, তবু মাপ। পাপাই মাপল। ২২০ বাই ১৯০। পাপাই ফ্ল্যাপ খুলতে-খুলতে বলল, 'শেতলা মন্দিরে গিয়ে শেষ পোনাম করে নাও। রিপ।'



মিসেস সামন্তর চোখ ছানাবড়া। প্রেশারের যন্ত্র কেউ রোদে দেয়, প্রেশার বেড়ে গেলে শিতলা মন্দিরে যেতে হয়! উনি ফ্রম আমেরিকা। কিছুই বোধগম্য হচ্ছে না! আমি উল্টোদিকে হাঁটা লাগালাম। মিসেস সামন্ত চার পা এগিয়ে এসে আমাকে খামচে ধরলেন। 'এই খোকা, যাচ্ছ কোথায়! চুল দাড়ি তো পেকেছে। ম্যানারস জানো না! আর ম্যানারস! আমার তো দেহরস শুকিয়ে যেতে বসেছে! কাঁদো-কাঁদো গলায় বললাম, আমি মা যাব। মিসেস সামন্ত আবার অবাক হলেন। অবাকের পর অবাক! বললেন, 'কী যাবে!' আমি বললাম, বাড়ি যাব। পেট কামড়াচ্ছে। বলেই বিরাট এক হেঁচকি তুললাম। মিসেস সামন্ত আমার মাথায় থাবড়া মেরে বললেন, 'সিক্সটি সিক্সটি।' এবার আমি অবাক। বললাম, মানে! মিসেস সামন্ত বললেন, 'সরি, মুখ দিয়ে বেরিয়ে গেছে। যাট যাট। দেখো, আমার খুব ইচ্ছে কলকাতায় থাকার ওয়ান অ্যান্ড হাফ মাস। আমার বাপের বাড়ি উলুবেড়িয়ার টেন ডেজ আর রেস্ট কয়দিন নিয়ে আমার এক্সপিরিয়েন্স লিখব। পুজোর সময় ওখানকার বেঙ্গলি ক্লাবে পড়ব। তুমি আমাকে হেল্প করো প্লিজ।'

আমি খুবই বিনয়ের সঙ্গে বললাম, মিসেস সামন্ত, মাধ্যমিকে আমি ইংরেজিতে ৪১ পেয়েছিলাম। ফরটি ওয়ান। আমার পক্ষে ইংরেজি থেকে বাংলা, বাংলা থেকে ইংরেজি করা অসম্ভব। গুগলমামু আছে তো! ওখানে ট্রান্সলেশন চাপিয়ে দিন না! মিসেস সামন্ত ফোঁস করে একটা নিঃশ্বাস ছাড়লেন। বললেন, 'তুমি বলবে তারপর ট্রাই করব! আমি অলরেডি করেছি। গুগল কিছু-কিছু বাংলার ইংরেজি ট্রান্সলেশন বলেছে। আর কিছু বলছে, ও নাকি খুঁজেই পাচ্ছে না।' আমি খুবই বিস্ময়ের সঙ্গে বললাম, গুগলমামু পারছে না, আর সেটা আমি পারব! কী এমন সেই বাংলা! একটা বলুন!

মিসেস সামন্ত বললেন, 'এপাং ওপাং ঝপাং।'

ফিচার

# কলকাতার অভয়া দুর্গার খোঁজে..

**শুদ্ধশীল ঘোষ**

আশ্বিনের শারদপ্রাতে বাংলা মেতে ওঠে দুর্গোৎসবে। একটা পুজো কীভাবে উৎসবে পরিণত হল তা নিয়ে আলোচনা করতে গেলে বহু দিক উঠে আসবে। তবে বলাই যেতে পারে, বাংলার দুর্গাপুজোর বৈচিত্র্য ও উন্মাদনা যার অন্যতম কারণ। দুর্গাপুজো আর কলকাতা যেন সমার্থক। পলাশির যুদ্ধের পর শোভাবাজার রাজবাড়িতে শুরু হয়েছিল দুর্গোৎসব। এই সময় থেকে দুর্গাপুজোর সঙ্গে উৎসব কথাটা জুড়ে যায়। তবে বাংলার দুর্গাপুজোর ইতিহাস আরও প্রাচীন এবং তা নিয়ে আছে নানা মতান্তরও।



কলকাতা সেই প্রাচীন কাল থেকেই দুর্গাপুজোর আড়ম্বরকে সাথে নিয়ে এগিয়ে চলেছে। একসময়ের পারিবারিক বৈভব ও আভিজাত্যের প্রতীক ছিল দুর্গাপুজো। কলকাতা শহর জুড়ে ধনবান বনেদি বাড়িগুলিতে শুরু হয়েছিল দুর্গাপুজো। উত্তর কলকাতা থেকে দক্ষিণ কলকাতা, মধ্য কলকাতা জুড়ে ছড়িয়ে আছে সেসব পুরনো বাড়ি এবং সেই বৈভবের দুর্গাপুজো। সময়ের সঙ্গে অনেক জায়গায় অতীতের বৈভব কমেছে। তবে আজও আশ্বিনে উমা এলে সেজে ওঠে সেসব বাড়ি। কলকাতার বনেদি বাড়ির দুর্গাপুজো গুলোয় আছে বেশকিছু স্বতন্ত্র বৈশিষ্ট্য। অনেক পরিবারেই দেবীর দশভুজা মহিষাসুরমর্দিনী রূপের পরিবর্তে পুজো পান শান্ত,সৌম্য হর-পার্বতী, অভয়া রূপী দুর্গা। তেমনি কয়েকটি ব্যতিক্রমী দুর্গাপুজোর কথা বলবো।

## লাহা বাড়ির পুজো, ঠনঠনিয়া

একটি পরিবারের তিনটি বাড়ি! বড়ো তরফ, মেজো তরফ এবং ছোটো তরফ। তিনটি বাড়িতে পালাক্রমে অনুষ্ঠিত হয় দুর্গাপুজো। বর্ধমানের বড়োশূল থেকে চুঁচুড়া এবং তার পরবর্তীতে কলকাতায় শুরু হয় পুজো। কলকাতার বাড়িতে দুর্গাপুজোর সূচনা করেছিলেন দুর্গাচরণ লাহা যা এখনও প্রাচীন পরম্পরা মেনে অনুষ্ঠিত হচ্ছে। এই পরিবারের পুজো কলকাতার অন্যতম ব্যতিক্রমী পুজো। দেবী এখানে মহিষাসুরমর্দিনী নন! বরং শান্ত, সৌম্য রূপে সপরিবারে বিরাজমান। ঠিক যেন পারিবারিক চালচিত্র। একচালা মূর্তি। শিবের কোলে অভয়া রূপে গৌরী বসে। আর ওনার চারপাশে লক্ষ্মী, সরস্বতী, কার্তিক ও গনেশ। মৃন্ময়ী বিগ্রহের সামনে পরিবারের কুলদেবী শক্তিরূপিনী জয়জয় মাকে রেখে দুর্গা মহাপুজো হয়। সাত্ত্বিক পুজো। জন্মাষ্টমীর দিন কাঠামো পুজো হয়। ওইদিন থেকে একটি ছোট্ট গণেশের বিগ্রহ তৈরি করে পুজো করা হয়। এরপর মূল বিগ্রহের মধ্যে থাকা বড়ো গণেশের পেটের ভিতরে ছোট গণেশটি ঢুকিয়ে দেওয়া হয়। অভিনব এক প্রথা। দেবীপক্ষে বোধন বসে। ছাগ বলিদানের রীতি নেই।পুজোর ভোগে বিভিন্ন ধরনের নাড়ু নিবেদন করা হয়। এখনও পর্যন্ত কাঁধে ঝুলিয়েই প্রতিমা নিরঞ্জন করতে নিয়ে যাওয়া হয়।

## চন্দ্র বাড়ির পুজো, ঠনঠনিয়া

লাহা বাড়ির মতোই ঠনঠনিয়ার বর্ধিষ্ণু চন্দ্র বাড়িতেও দেবী দুর্গা অভয়া রূপে বিরাজ করেন। এই চন্দ্রদের আদি বাড়ি ছিল সপ্তগ্রাম। সেখানেই পারিবারিক দুর্গাপুজোর সূচনা হয়েছিল। পরবর্তীতে ওনারা কলকাতায় আসেন। কলকাতায় শুরু হয় পারিবারিক দুর্গাপুজো। তবে কিছু বছর পর সেই পুজো স্থানান্তরিত হয় বর্তমান বাড়িতে। আনুমানিক ১৮৫০ সালে উদয়চাঁদ চন্দ্রের দত্তক পুত্র শ্রীনাথ চন্দ্রের উদ্যোগে শুরু হল দুর্গাপুজো।দেবী এখানেও হর পার্বতী। সপরিবারে শিবের কোলে বসে শিবরানী আসেন। দেবীর দুপাশে থাকেন জয়া ও বিজয়া। উল্টোরথের দিন কাঠামো পুজো হয়। মহালয়ার পরদিন অর্থাৎ, প্রতিপদ তিথি থেকে শুরু হয় বোধন ও চণ্ডীপাঠ। সপ্তমীতে প্রজ্জ্বলিত হয় হোমাগ্নি যা নবমীতে নেভে। পারিবারিক বেশকিছু নিয়ম আছে, যেমন মহালয়া থেকে নবমী পর্যন্ত আমিষ হয় না বাড়িতে। দেবীর দশমীর বিসর্জনের পর মৎস্যমুখ করেন পরিবারের সদস্যরা।

## পূর্ণ চন্দ্র ধর বাড়ির পুজো, কলুটোলা

ইংরেজদের সঙ্গে লবণ ও চিনির ব্যবসা করার জন্য চন্দননগর থেকে কলকাতায় এসেছিলেন ধর বাড়ির আদিপুরুষ সাফল্যরাম ধর। ব্যবসায় প্রভুত উন্নতির ফলস্বরূপ তৈরি হয় ২০ কাঠা জমির উপর তিন মহলা বাড়ি। ব্যবসায়ী পরিবার পরবর্তীকালে ব্রিটিশ কোম্পানির বেনিয়ান। এই পরিবারের ধর্মপ্রাণ কৃষ্ণচন্দ্র ধর ১৮৬০ সালে পারিবারিক দুর্গাপুজোর সূচনা করেছিলেন। দেবীর অভয়া রূপের আরাধনা শুরু হয় প্রথম থেকেই। এক চালচিত্রে দ্বিভুজা দেবী বসে আছেন। দেবীর পদতলে মুখোমুখি দুটি সিংহ এবং দেবীকে ঘিরে আছেন লক্ষী, সরস্বতী, কার্তিক ও গনেশ। চালচিত্রে মহাদেব থেকে শুরু করে নবদুর্গা, রাধাকৃষ্ণ, জয়া ও বিজয়া অঙ্কিত থাকে। দেবীর রূপের মধ্যে আছে মাতৃস্নেহ। রথযাত্রায় হয় কাঠামো পুজো। মূল পুজো ‘বৃহৎনান্দীকেশ্বর’ পুরাণ মতে। মহানবমীতে হয় কুমারী পুজো ও সধবা পুজো।

## বেলু দত্তের বাড়ির পুজো, বৌবাজার



একসময়ের বেলজিয়াম কাঁচের ব্যবসা থেকে বাড়ির নাম হয়েছিল ‘বেলু বাড়ি’। বৌবাজের এই বেলু বাড়িতে ১৮৮৩ সালে পরিবারের সদস্য ধর্মপ্রাণ গোবিন্দলাল দত্ত স্বপ্নাদেশে পরিবারে হর-পার্বতীর পুজো শুরু করেছিলেন। আজও ঠাকুরদালানে বেলজিয়াম কাঁচের ঝাড় লন্ঠন জ্বলে। মায়ের রূপ এখানে শান্ত। শিবের উপর আসীন দেবী। পুজোর বিশেষ বৈশিষ্ট্যের মধ্যে অন্যতম, মায়ের নৈবেদ্যে নারকেল নাড়ু ও মালপোয়া। বর্তমানে পরিবারের তিন ভাই মিলে পারিবারিক এই দুর্গাপুজোকে বজায় রেখেছে। এই পরিবারের সন্ধি পুজো বিশেষ নিষ্ঠা মেনে হয়।

## মদনমোহন ধর বাড়ির পুজো,পটুয়াটোলা

আনুমানিক ১৮৮৪ সাল থেকে পটুয়াটোলা লেনের ধর বাড়িতে শুরু হয়

দুর্গাপুজো। দ্বিভুজা অভয়া দুর্গা। এই পরিবারের আদি বাস ছিল আদিসপ্তগ্রাম। সেখান থেকে হালিশহর এবং তার পরে কলকাতায়। সপরিবারে অভয়া দুর্গা, দেবী চণ্ডীরূপে বিরাজ করছেন। এই পরিবারে নবমীর দিন হয় কুমারী পুজো। পাশাপাশি অষ্টমীর পুজো শেষে হয় ধুনো পোড়ানো।

## নীলমণি সেন বাড়ির পুজো, বৈঠকখানা

শতবর্ষ পেরিয়ে গিয়েছে বৈঠকখানাস্থিত সেনবাড়ির দুর্গাপুজোর। এই পরিবার আদি বাস ছিল যশোহরে। সোনার ব্যবসায়ী নীলমণি সেন যশোহর থেকে কলকাতায় এসেছিলেন।

এই নীলমণির প্রপৌত্র কানাইলাল সেন ১৯১৩ সালে দুর্গাপুজো শুরু করেন। তিন খিলানের দু'দালান বিশিষ্ট ঠাকুরদালান। দেবী দ্বিভুজা অভয়া দুর্গা। পায়ের নীচে সিংহ। দুর্গার পাশে লক্ষ্মী, সরস্বতী, গণেশ ও কার্তিকের মূর্তি। কাঠামো পুজো হয় উল্টোরথের দিন। পুজো শুরু হল ষষ্ঠাদিকল্পে।

## রামনারায়ণ দাঁ বাড়ির পুজো, দর্জিপাড়া

দর্জিপাড়ার দাঁ বংশের পূর্বপুরুষ দয়ারাম দাঁ বাঁকুড়া জেলার কোতলপুর গ্রাম থেকে কলকাতায় এসেছিলেন। এবং বড়োবাজার এলাকায় একটি মশলার দোকান খুলেছিলেন। পারিবারিক ব্যবসা রমরমা ছিল যথেষ্ট। পরবর্তীতে সম্ভবত ১৭৬০ সালে এই পরিবারের সদস্য রামনারায়ণ দাঁ মা দুর্গাকে অভয়া রূপে পুজো করতে শুরু করেন। দেবী দুর্গাকে রামনারায়ণ তাঁর অকালে মৃত মেয়ের চোখে দেখেন।

কন্যার মৃত্যুতে রামনারায়ণ খুবই ভেঙে পড়েছিলেন এবং তাঁর স্ত্রীকে সান্ত্বনা দেওয়ার জন্য তিনি কন্যারূপে অভয়াদুর্গার পুজো শুরু করেছিলেন। তাই দাঁ বাড়িতে দেবী অসুরদলনী দশভুজা নন, এখানেও তিনি দ্বিভুজা, প্রসন্নবদনা। এই পারিবারিক দুর্গাপুজোর সঙ্গে বহু প্রাচীন রীতিনীতি জড়িয়ে আছে।

এই পারিবারিক দুর্গাপুজো গুলো কলকাতার অন্যতম ব্যতিক্রমী পুজো। এর বাইরেও আরও বেশ কয়েকটি পরিবার আছে, যেখানে দুর্গা অভয়া বা হর পার্বতী রূপে বিরাজ করেন।

---

Health

# The Small Spice with Big Benefits

## Why Chewing One Clove at Night Matters

Suprity Dey

In the vast world of natural remedies and age-old home hacks, clove holds a special place. This small, dried flower bud might look unassuming, but it's packed with powerful compounds that have made it a staple in kitchens, ayurvedic medicine cabinets, and even modern wellness discussions. If you've ever stumbled upon a Quora thread on natural health tips, you'll notice that chewing one clove at night is a popular suggestion—and for good reason.

So, what makes this little spice so powerful? And why do so many people swear by the simple practice of popping a clove before bed?

### Clove: A Natural Powerhouse

Clove (or laungin Hindi) is rich in eugenol a compound known for its antiseptic, anti-inflammatory, and analgesic properties. Traditionally used in Indian, Chinese, and Middle Eastern medicine, clove isn't just for flavoring biryani or chai. It's been used to treat **toothaches, indigestion, colds, and even bad breath.



### Why Chew a Clove at Night?

Let's break down some of the key benefits that Quora users and natural health advocates often mention:

#### 1. Improved Digestion

Chewing a clove after dinner helps kickstart digestion. Clove stimulates the secretion of digestive enzymes, helping to reduce gas, bloating, and acidity. This is especially helpful if you've had a heavy dinner or suffer from regular indigestion.

#### 2. Fresh Breath Overnight

One of the most cited benefits on Quora is clove's power to fight bad breath. It works as a natural mouth freshener, killing bacteria in the mouth and promoting oral hygiene. A clove before bed means you wake up with fresher breath—and fewer mouth germs.

#### 3. Relief from Cough and Throat Irritation

Clove acts as a mild natural expectorant. If you're dealing with a mild cough or throat irritation, chewing a clove at night can help soothe your throat, reduce inflammation, and prevent coughing fits that disturb sleep.

#### 4. Better Sleep

Though not a direct sedative, the calming properties of clove (thanks to eugenol) may help relax the body, ease stress, and improve sleep quality. When combined with other good sleep habits, this tiny spice can play a role in achieving deeper rest.

#### 5. Natural Pain Relief

If you're someone who deals with tooth pain, gum issues, or minor inflammation, chewing clove at night can offer temporary relief. The numbing effect of eugenol is often likened to a natural local anesthetic.

#### 6. Antibacterial and Immune Boosting

Cloves have powerful antibacterial and antioxidant properties. Regular consumption in small amounts may help boost immunity, especially important during changing seasons or viral outbreaks.

### But Wait, Is It Safe for Everyone?

While chewing one clove at night has several benefits, moderation is key. Overconsumption can lead to acidity or irritation for sensitive individuals. People with certain medical conditions (like ulcers or those on blood-thinning medications) should consult a doctor before making it a daily habit.

### How to Use It Right

Just take one clove, place it in your mouth, chew gently, and either swallow it or let it sit under your tongue before sleeping. The taste is strong and spicy—an acquired taste—but many swear by the benefits once they get used to it.

### Conclusion : Tiny Habit, Big Rewards

In a world filled with over-the-counter medications and expensive supplements, sometimes the simplest things work the best. Chewing a single clove at night is a small, no-cost habit that supports digestion, oral health, immunity, and sleep. No wonder Quora threads and grandma's kitchen wisdom both agree—it's one of nature's easiest health hacks.

So next time you head to bed, consider this tiny bud of wellness. Your body just might thank you in the morning.

# ক্যুইজ-১০


## সঞ্জীবকুমার দে

*পশ্চিমবঙ্গ, ভারত*


১) মার্কিন যুক্তরাষ্ট্রের তিনিই প্রথম মহিলা লেখিকা যিনি সাহিত্যকর্মের জন্য নোবেল পুরস্কারে ভূষিত হন। ১৯৩৮ সালে এই কৃতিত্ব অর্জনের আগে ১৯৩২ সালে তাঁর রচিত দ্য গুড আর্থদ উপন্যাসের জন্য তিনি মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ সাহিত্য সম্মান পুলিৎজার পুরস্কার লাভ করেন। চীন দেশের পটভূমিতে লেখা তাঁর সেই উপন্যাসের জন্য তিনি জগৎজোড়া খ্যাতি লাভ করেন। সারাবিশ্বে বহুবিধ ভাষায় সেই উপন্যাস অনূদিত হয়। জন্ম (১৮৯২ সালে) ওয়েস্ট ভার্জিনিয়ার হিলসবারোতে হলেও বহুবছর তাঁর চীনে বসবাসের অভিজ্ঞতা থেকে রচিত এই উপন্যাস তিনি চীনের নানকিং প্রদেশে বসেই রচনা করেন। ড্রাগন সীড, আদার গডস, ইস্ট উইন্ড ওয়েস্ট উইন্ড ইত্যাদি তাঁর উল্লেখযোগ্য গ্রন্থ। ১৯৭৩ সালে ভারমন্টের ড্যানবিতে ফুসফুসের ক্যানসারে তাঁর মৃত্যু হয়। কে এই সাহিত্যিক?

২) আরোগ্য নিকেতন উপন্যাসের জন্য তিনি ১৯৫৫ সালে রবীন্দ্র পুরস্কার, ১৯৫৬ সালে সাহিত্য একাডেমী পুরস্কার লাভ করেন। গণদেবতা উপন্যাসের জন্য তিনি ১৯৬৭ সালে জ্ঞানপীঠ পুরস্কার অর্জন করেন। ১৯৬২ সালে তিনি পদ্মশ্রী এবং ১৯৬৮ সালে পদ্মভূষণ সম্মানে ভূষিত হন। ১৯৭১ সালে তাঁর নাম সাহিত্যে নোবেল পুরস্কারের জন্য বিবেচনাধীন তালিকায় মনোনীত হয়। ওই বছরই কলকাতায় জীবনাবসান ঘটে এই লেখকের। জন্ম বীরভুম জেলার লাভপুরে ১৮৯৮ সালে। কবি, সপ্তপদী, হাঁসুলী বাঁকের উপকথা, ধাত্রীদেবতা, রাইকমল, কালিন্দী, সন্দীপন পাঠশালা, প্রভৃতি অসংখ্য বিখ্যাত কাহিনীর রচয়িতা কে এই লেখক? তাঁর রচিত প্রথম উপন্যাসের নাম কি?

৩) জাদুসম্রাট পি. সি. সরকারের সম্পূর্ণ নাম কি? তাঁর পুত্র আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিশ্বখ্যাত জাদুকর পি. সি. সরকার জুনিয়রের সম্পূর্ণ নাম কি?

৪) ইরাক দেশের পূর্বতন নাম কি ছিল? অতীতে এই দেশে দুটি নদীর উপর নির্ভর করে পৃথিবীর প্রাচীনতম কিছু সভ্যতা গড়ে ওঠে। তাঁর মধ্যে অন্যতম দুটি সভ্যতা; সুমেরীয় সভ্যতা ও ব্যাবিলনীয় সভ্যতা। সেই নদী দুটির নাম কি?

৫) হিন্দু ধর্মে শিবপুরাণ অনুসারে ভগবান শিবের বারোটি জ্যোতির্লিঙ্গের কথা বলা হয়েছে। এই জ্যোতির্লিঙ্গগুলির নাম কি? এর মধ্যে ভারতের উত্তরপ্রদেশ রাজ্যের কাশী বা বারানসীতে অবস্থিত জ্যোতির্লিঙ্গের নাম কি?

৬) জীবাশ্ম গবেষণা করে বৈজ্ঞানিকরা অনুমান করেন আজ থেকে প্রায় ছয় কোটি বছর আগে জন্ম হয়েছিল কর্ডাটা পর্বের পক্ষী শ্রেণীভুক্ত স্টিজিফর্মিস বর্গের এই নিশাচর প্রাণীর, যার আবির্ভাব মানুষের পূর্বে তো বটেই, ডাইনোসর আবির্ভাবেরও সাড়ে তিন হাজার বছর আগে। এখনও দুশোর অধিক প্রজাতি নিয়ে বেঁচে আছে প্রাণীটি পৃথিবীতে। এরা ঘাড়ের উপর মাথাটি দুইদিকে ১৩৫ ডিগ্রি করে মোট ২৭০ ডিগ্রী ঘোরাতে পারে। তাই সহজেই শরীর না ঘুরিয়ে চোখের দৃষ্টিতে দেখে নিতে পারে পিছন দিকে থাকা শিকারকে। কীটপতঙ্গ, ইঁদুর, কখনো কখনো ছোট ছোট মাছও এদের শিকার। বঙ্গদেশে এক দেবীর বাহন হিসাবেও সমীহ করা হয় এদের শ্বেত প্রজাতিকে। কি সেই প্রাণী?

৭) রাখিবন্ধন হিন্দুধর্মের এক পবিত্র উৎসব যা শ্রাবণ পূর্ণিমার দিন পালিত হয়। বঙ্গভঙ্গের আইন প্রণয়নের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে এবং হিন্দু-মুসলমানের মধ্যে সৌভ্রাতৃত্বের বন্ধন দৃঢ় করার উদ্দেশ্যে পথে নেমে জনসাধারণের হাতে রাখি বেঁধেছিলেন এক বিশ্বখ্যাত কবি। কে তিনি? কত সালে?

৮) বিখ্যাত বলিউড তারকা অক্ষয়কুমারের প্রকৃত নাম কি?

৯) এশিয়ার সবচেয়ে প্রাচীন এবং পৃথিবীর তৃতীয় প্রাচীন ফুটবল টুর্নামেন্টের নাম কি? কোন বছর কোন জায়গায় এই টুর্নামেন্ট শুরু হয়? এইবছর অনুষ্ঠিত হচ্ছে কততম সংস্করণ?

১০) ভিনিগারের রাসায়নিক নাম ও সংকেত কি?

## ক্যুইজের উত্তর



১) পার্ল এস. বাক



২) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়, চৈতালি ঘূর্ণি



৩) প্রতুল চন্দ্র সরকার, প্রদীপ চন্দ্র সরকার



৪) মেসোপটেমিয়া, টাইগ্রিস ও ইউফ্রেটিস



৫) সোমনাথ, কেদারনাথ, বৈদ্যনাথ, বিশ্বনাথ, মহাকালেশ্বর, নাগেশ্বর, ওঙ্কারেশ্বর, ত্র্যম্বকেশ্বর, ঘৃষ্ণেশ্বর, রামেশ্বরম, ভীমশঙ্কর, মল্লিকার্জুন; কাশীতে বিশ্বনাথ



৬) পেঁচা



৭) বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর, ১৯০৫ সালে



৮) রাজীব হরি ওম ভাটিয়া




৯) ডুরান্ড কাপ, পূর্বতন ব্রিটিশ ভারতের (বর্তমান হিমাচল প্রদেশ) শৈল শহর সিমলায়, ১৮৮৮ সালে, ১৩৪ তম




১০) অ্যাসিটিক অ্যাসিড, $CH_3COOH$.